দৈনিক ইনকিলাব

তারিখ 13 NOV 1993

পৃঃ ৭ কলাম ৮

# শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করতে জাতীয় সংবাদপত্র গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে

## —ভিসি এমাজউদ্দিন আহমদ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এমাজউদ্দিন আহমদ ক্যাম্পাসে সন্ত্রাসের বিরুদ্ধে জনমত গড়ে তোলার জন্য জাতীয় সংবাদপত্রসমূহের সহযোগিতা কামনা করেছেন।

তিনি গতকাল ঢাকায় তার বাসভবনে জাতীয় দৈনিক ও সংবাদ সংস্থাগুলোর সম্পাদক ও প্রতিনিধিদের সাথে ক্যাম্পাসে সন্ত্রাসসহ বিভিন্ন বিষয় নিয়ে মতবিনিময় করছিলেন। খবর বাসস'র।

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## ভিসি এমাজউদ্দীন

প্রথম পৃষ্ঠার পর

অধ্যাপক এমাজউদ্দিন বলেন, বিবেকের রক্ষক হিসেবে জাতীয় সংবাদপত্র শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সন্ত্রাসমুক্ত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তিনি উপযুক্ত জ্ঞানার্জনের লক্ষ্যে শিক্ষার সুষ্ঠু পরিবেশের উপর গুরুত্বারোপ করেন।

ক্যাম্পাস পরিস্থিতির উন্নতি সাধনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রচেষ্টার কথা উল্লেখ করে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সুষ্ঠু পরিবেশের জন্য শিক্ষা কার্যক্রম জোরদার ও সাংস্কৃতিক কর্মকাণ্ড জোরদার করা হয়েছে। তিনি বলেন, ক্যাম্পাসে মুষ্টিমেয় সন্ত্রাসীর উপস্থিতির কারণে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জিত হচ্ছে না।

অধ্যাপক এমাজউদ্দিন সুযোগ্য শিক্ষকমণ্ডলী ও আনুষ্ঠানিক সুবিধাদির দিকদিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়কে বর্তমানে এই অঞ্চলের অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে আখ্যায়িত করেন।

তবে তিনি বলেন, ক্যাম্পাসে সন্ত্রাসের কারণে শিক্ষার প্রতি মনযোগী অধিকাংশ ছাত্র-ছাত্রী দুর্ভোগ পোহাচ্ছে।